গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd

বিষয়: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে শোক দিবস পালনের নিমিত্ত কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব জিয়াউল হাসান এনডিসি<br>সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২৭ জুলাই ২০২৩ |
| সময় | : | দুপুর ১২:৩০ টা |
| স্থান | : | সভাকক্ষ |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট- 'ক' |

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি তাঁর বক্তব্যের শুরুতেই স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি জানান, জাতির পিতার ৪৮তম শাহাদত বার্ষিকী যথাযথ মর্যাদায় পালনের নিমিত্ত মন্ত্রণালয় কর্তৃক কর্মসূচি চূড়ান্তকরণের উদ্দেশ্যে আজকের এ সভা আহ্বান করা হয়েছে। অতঃপর তিনি জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে মন্ত্রণালয় কর্তৃক পালিত কর্মসূচি-সহ এ বছর মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচি সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন)-কে অনুরোধ করেন।

০২। অতিরিক্ত সচিব (প্রশাসন) মন্ত্রিপরিষদ বিভাগে ০৭ জুন ২০২৩ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীতে বর্ণিত গৃহীত কর্মসূচির মন্ত্রণালয় সংশ্লিষ্ট অংশ সভায় উপস্থাপন করেন যা নিম্নরূপ:

(ক). ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে {মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভার কর্মসূচি নং ১(ক)}

(খ). জাতীয় শোক দিবসের সাথে সঙ্গতি রেখে মন্ত্রণালয়/বিভাগসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে এবং অধীনস্থ সংস্থা ও দপ্তরে উক্ত কর্মসূচি পালন নিশ্চিত করবে। সকল মন্ত্রণালয়/বিভাগ জুলাই ২০২৩ মাসে একটি প্রস্তুতিমূলক সভা এবং আগস্ট ২০২৩ মাসের প্রথম সপ্তাহে ফলো-আপ সভা করবে {মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভার কর্মসূচি নং ১(১৫)}

(গ). মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারী ০১ আগস্ট ২০২৩ হতে কালো ব্যাজ ধারণ করবে {মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভার কর্মসূচি নং ১(২৩)}

অত:পর তিনি মন্ত্রণালয়াধীন সংস্থাসমূহ হতে প্রাপ্ত কর্মসূচি সভায় উপস্থাপন করেন।

৩। সভাপতি সংস্থাসমূহ কর্তৃক গৃহীত কর্মসূচিতে দিবসটির সংগে সামাঞ্জস্যপূর্ণ অতিরিক্ত কিছু কিছু কার্যক্রম থাকায় সন্তোষ প্রকাশ করেন এবং এজন্য সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। গত বছরের ন্যায় এবারও গৃহীত কর্মসূচি যথাযথ মর্যাদায় ও ভাবগাম্ভীর্যে পালনের ওপর গুরুত্বারোপ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

**সিদ্ধান্ত:**

ক) স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে পালনের জন্য ১৫ আগস্ট ২০২৩ তারিখে মন্ত্রণালয় এবং আওতাধীন সকল সংস্থায় জাতীয় পতাকা অর্ধনমিত রাখা এবং ০১ আগস্ট তারিখ হতে সকলকে কালো ব্যাজ ধারণ করতে হবে;

খ) সকল সংস্থার মসজিদে স্বাস্থ্যবিধি মেনে বাদ জোহর কোরানখানি ও দোয়া মাহফিলের আয়োজন করতে হবে;

গ) জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ১৫ আগস্ট ২০২৩ তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় পান্থপথের লাজফার্মার সামনে সমবেত হয়ে মন্ত্রণালয় এবং সকল সংস্থা প্রধানদের সমন্বয়ে স্বল্পসংখ্যক কর্মকর্তার উপস্থিতিতে ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করতে হবে;

চলমান পাতা/২

ঘ) ১৫ আগস্ট ২০২৩ তারিখ ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন অ্যান্ড এলাইড সায়েন্সেস (ইনমাস), ফরিদপুর থেকে টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মাজারে প্রতিবারের ন্যায় এবারও মন্ত্রণালয়ের ব্যানারে পরমাণু শক্তি কমিশনের ব্যবস্থাপনায় পুষ্পস্তবক অর্পণ করতে হবে;

ঙ) জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ১৭ আগস্ট ২০২৩ তারিখ বিকাল ০৩.০০ ঘটিকায় বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের প্রধান কার্যালয়ের ড. আনোয়ার হোসেন অডিটোরিয়ামে মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত আলোচনা সভা স্বাস্থ্যবিধি মেনে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের ব্যবস্থাপনায় আয়োজন করতে হবে;

চ) সকল সংস্থায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণ বাজাতে হবে;

ছ) প্রত্যেক সংস্থা নিজ নিজ কর্মসূচি অনুযায়ী জাতীয় শোক দিবসের অনুষ্ঠানমালা পালন করবে।

ঝ) আগস্ট/২০২৩ মাসের প্রথম সপ্তাহে একটি ফলো-আপ সভা করতে হবে।

৪। অতঃপর সভাপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী যথাযথভাবে পালনের প্রতি গুরুত্বারোপ করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(জিয়াউল হাসান এনডিসি)
সিনিয়র সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

স্মারক ন ৩৯.০০.০০০০.০০৪.২৩.০১৪.১৬. ৬৮৮৩/১(১৮)

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩০ / ৩১ জুলাই ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অতিরিক্ত সচিব (সকল), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর), ধানমন্ডি, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, আগারগাঁও, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, অথরিটি ভবন, ই-১২/এ, আগারগাঁও, ঢাকা।
৫। মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর,আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা।
৬। মহাপরিচালক, ব্যান্সডক, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা।
৭। মহাপরিচালক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, বিজয় স্মরণী, ঢাকা।
৮। মহাপরিচালক, বাংলাদেশ ওসানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট, (বিসিএসআইআর ক্যাম্পাস), ধানমন্ডি।
৯। মহাপরিচালক (অতি: দায়িত্ব), ন্যাশনাল ইনষ্টিটিউট অব বায়োটেকনোলজী, গণকবাড়ী, সাভার, ঢাকা।
১০। মহাপরিচালক (অতি: দায়িত্ব), বিআরআইসিএম, ধানমন্ডি, ঢাকা।
১১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। যুগ্মসচিব (প্রশাসন), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। উপসচিব (সকল) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৭। হিসাবরক্ষণ কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। অফিস কপি।

৩১/০৭/২৩

(মোঃ হাবিবুর রহমান)
সহকারী সচিব
ফোনঃ ৯৫১১০৫৩
e-mail: section4@ most.gov.bd